আরও বেশী রোজগার করুন

বৃত্তি পরিবর্তন করুন

ক্রেতাদের প্রতি নেক্সট্স্টেপ-এর নিষ্ঠা

জীবন থেকে আরও কিছু লাভ করুন

নতুন ধরনের দক্ষতা অর্জন করুন

নতুন কিছু শিখুন

আপনার কাছে আমাদের প্রতিশ্রুতি

nextstep
advice on learning and work

সূচিপত্র

নেক্সট্স্টেপ কি? 3
আমাদের লক্ষ্য 4
আপনার প্রতি আমাদের দায়িত্ব 5
কি তথ্য পাওয়া যায়? 5
কি উপদেশ পাওয়া যায়? 6
আপনি কি ভাবে আমাদের সার্ভিস (পরিষেবা) পেতে পারেন? 7
আরও তথ্য চান? 8

নেক্সট্স্টেপ কি ?

20 বছর এবং তার বেশী বয়সের প্রাপ্তবয়স্কদের মধ্যে শিক্ষা ও কাজ করার মূল্য সম্বন্ধে প্রচার করার উদ্দেশ্যে নেক্সট্স্টেপ সার্ভিসকে গঠন করা হয়েছে।

আপনি যদি আপনার চাকরী পাওয়ার সম্ভাবনা বা দক্ষতার উন্নতি করতে চান, কোন কোয়ালিফিকেশন অর্জন করতে চান অথবা আপনার চাকরীতে যতটা সম্ভব ততটা ভাল করতে চান, তাহলে তাতে আপনাকে সাহায্য করার জন্যই নেক্সট্স্টেপ সার্ভিসগুলি গঠন করা হয়েছে। সারা ইংল্যান্ড জুড়ে নেক্সট্স্টেপ সার্ভিস পাওয়া যায়।

নেক্সট্স্টেপ তথ্য ও উপদেশের সার্ভিসের কাছ থেকে আপনি কি আশা করতে পারেন তা এই পুস্তিকাটিতে বলা হয়েছে। আমাদের সার্ভিসের আরও উন্নতি আমরা কি ভাবে করতে পারব সে বিষয়ে আপনার মতামতকে আমরা স্বাগত জানাচ্ছি। আপনার স্থানীয় নেক্সট্স্টেপ সার্ভিসের মাধ্যমে আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারবেন - আপনার স্থানীয় সার্ভিস সম্বন্ধে তথ্যের জন্য **www.nextstep.org.uk** ঠিকানায় আমাদের ওয়েবসাইট দেখবেন।

আরবী, ইংরেজী, চাইনীজ্, গুজরাটী, হিন্দি, পাঞ্জাবী, সোমালী, উর্দু এবং ভিয়েত্নামীজ্ ভাষায় আপনি এই পুস্তিকাটির কপি (প্রতিলিপি) চাইতে পারেন। ব্রেইলে এবং কানে শোনার ক্যাসেটেও আপনি এই পুস্তিকার কপি চাইতে পারেন।

যারা পাঞ্জাবী, বাংলা এবং সিলেটী বলেন, তারা নিচের নম্বরগুলিতে **learndirect** কে (লার্নডাইরেক্টকে) টেলিফোন করতে পারেন:
080000 931 333 পাঞ্জাবী;
080000 931 444 বাংলা;
080000 931 555 সিলেটী।

নেক্সট্স্টেপ সার্ভিস সম্বন্ধে **learndirect** আপনার প্রশ্নের উত্তর দেবে।

আমাদের লক্ষ্য

আপনার স্থানীয় নেক্সট্স্টেপ সার্ভিসে আপনি শিক্ষা ও কাজ সম্বন্ধে তথ্য ও উপদেশ পাবেন।

ইংল্যান্ড-এর যেখানেই আপনি থাকুন না কেন, আপনি একই রকম উঁচু মানের পরিষেবা পাবেন।

আমাদের লক্ষ্য হচ্ছে:

1 পাওয়া সহজ ও দৃশ্যমান হওয়া;
2 পেশাদার ও তথ্যপূর্ণ হওয়া;
3 আমাদের সব সার্ভিসগুলির মধ্যে কার্যকরী যোগাযোগ রাখা;
4 আপনার প্রয়োজন অনুযায়ী আমাদের সার্ভিস দেওয়া;
5 আপনার সব প্রয়োজনের উদ্দেশ্যে বিভিন্ন ধরণের সার্ভিস দেওয়া;
6 জেনেশুনে সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করার জন্য পক্ষপাত বিহীন তথ্য ও উপদেশ দেওয়া;
7 আমাদের দেওয়া সার্ভিসে আপনার বর্তমান ও ভবিষ্যৎ প্রয়োজন প্রতিবিম্বিত করা;
8 স্বাগত জানানো ও বন্ধুত্বপূর্ণ হওয়া;
9 শিক্ষা পাওয়া জন্য আপনাকে উৎসাহ ও সাহায্য দেওয়া;
10 আপনার উপকার হতে পারে এরকম সব সার্ভিসের কথা আপনাকে জানানো।

আপনার প্রতি আমাদের দায়িত্ব

কি তথ্য পাওয়া যায়?

আমরা আপনাকে যা দিতে পারি তা হচ্ছে:

- ছাপানো তথ্য, যেমন প্রচারপত্র (লিফলেট);
- দেখা ও শোনার জিনিষ, যেমন ভিডিও;
- সিডি-রম বা ইন্টারনেটের মাধ্যমে তথ্য; এবং
- মুখোমুখি কথা বলে অথবা টেলিফোনে সাহায্যের লাইনের মাধ্যমে মৌখিক তথ্য।

আমরা আপনাকে যেসব বিষয়ে তথ্য দিতে পারি তা হচ্ছে:

- কি ভাবে এবং কোথায় আরও তথ্য পাওয়া যাবে;
- স্থানীয় এলাকায় শিক্ষা ও কাজের কি সুযোগ রয়েছে;
- এগিয়ে যাওয়ার জন্য ব্যবহারিক উপায়, যেমন কিভাবে চাকরীর জন্য দরখাস্ত করতে হয় ও কিভাবে জীবিকার্জনের বৃত্তির জন্য পরিকল্পনা করতে হয়; এবং
- বেনিফিট, যানবাহন এবং শিক্ষা ও কাজের জন্য বিনা খরচের সার্ভিসগুলির ব্যাপারে এর পরে কোথায় যেতে হবে।

কি উপদেশ পাওয়া যায়?

আমাদের উপদেশের সার্ভিস আপনার প্রয়োজন অনুযায়ী বিশেষভাবে তৈরী করা হবে।

আমরা (যোগ্য হওয়া সাপেক্ষে):

- ব্যক্তিগতভাবে তথ্য দেব, যার মানে এই হতে পারে যে আপনাকে অন্যান্য সার্ভিসের কাছে পাঠাতে হতে পারে;
- সিদ্ধান্ত নেওয়ার ব্যবস্থাগুলি ব্যবহার করতে আপনাকে সাহায্য করব;
- আপনার ব্যক্তিগত আগ্রহের বিষয়গুলি ও দক্ষতার সাথে আপনার চাকরী বা বৃত্তির যোগসূত্র তৈরী করতে আপনাকে সাহায্য করব;
- আপনার যেসব মৌলিক দক্ষতার প্রয়োজন রয়েছে তা শনাক্ত করব এবং পড়া, ভাষা এবং অঙ্ক করার মৌলিক দক্ষতাগুলি অর্জন করার জন্য সাহায্য পাওয়ার উদ্দেশ্যে অন্যান্য জায়গায় আপনাকে পাঠাবচ
- চাকরীর বাজার সংক্রান্ত তথ্যগুলি বুঝতে আপনাকে সাহায্য করব;
- যে আর্থিক সাহায্য পাওয়া যায় সে বিষয়ে আপনাকে উপদেশ দেব, যেমন এ্যাডাল্ট লার্নিং গ্র্যান্ট (Adult Learning Grant);
- চাকরী থেকে ছাটাই হওয়ার সময় আপনি যেসব সার্ভিস পেতে পারেন তা কি ভাবে পাওয়া যায় এবং কোথায় যেতে হবে সেগুলি সমেত সেই সার্ভিসগুলির বিষয়ে আপনাকে মৌলিক উপদেশ দেব;
- কি ভাবে চাকরী খুঁজতে হয় ও চাকরীর জন্য দরখাস্ত করতে হয় সে বিষয়ে আপনাকে উপদেশ দেব, যেমন সিভি (CV) লেখা ও ইন্টারভিউ দেওয়ার দক্ষতা;
- আপনার জীবিকার্জনের বৃত্তিতে উন্নতি করার উপায় সম্বন্ধে আপনাকে উপদেশ দেব; এবং
- কি পাওয়া যায় এবং কি পাওয়া যায় না সে বিষয়ে আপনাকে উপদেশ দেব এবং তার বদলে কি পাওয়া যায় তা নিয়ে আলোচনা করব।

আপনি কি ভাবে আমাদের সার্ভিস (পরিষেবা) পেতে পারেন?

নানরকম ভাবে আপনি আমাদের সার্ভিস পেতে পারেন।

আপনি:

- **www.nextstep.org.uk** ঠিকানায় দিনে 24 ঘন্টাই আমাদের ওয়েবসাইট দেখতে পারবেন;
- আপনার স্থানীয় নেক্সট্‌স্টেপ সেন্টারে যেতে পারেন, এগুলি সপ্তাহে পাঁচদিন খোলা থাকে; এবং
- কাজের স্বাভাবিক সময়ের বাইরে উপদেশ পাওয়া জন্য এ্যাপয়েন্টমেন্ট (দেখা করার একটা তারিখ ও সময় ঠিক) করতে পারেন।

আমরা প্রতিশ্রুতি দিচ্ছি যে:

- তথ্য চাওয়ার 24 ঘন্টার মধ্যে আপনার সাথে যোগাযোগ করব। একটা টেক্সট্‌ মেসেজ, টেলিফোন কল বা ই-মেইলের মাধ্যমে অথবা মুখোমুখি এটা করা হতে পারে;
- তথ্য ও উপদেশের অন্য কোন উৎসের দিকে যদি আপনাকে যেতে বলতে হয়, তাহলে আপনি প্রথম প্রশ্ন করার 24 ঘন্টার মধ্যে আমরা এটা করব;
- আপনাকে সাহায্য করার জন্য অন্য কোন জায়গা থেকে আমাদের যদি তথ্য সংগ্রহ করার প্রয়োজন হয়, তাহলে তিন কর্মদিনের মধ্যে আমরা এটা আপনাকে জানাব; এবং
- আপনার অনুরোধ পাওয়ার পাঁচ কর্মদিনের মধ্যে আপনাকে আমরা উপদেশ পাওয়ার জন্য একটা এ্যাপয়েন্টমেন্ট দেব।

আপনার প্রয়োজন অনুযায়ী আপনাকে সার্ভিস দেওয়া

আপনার কোন প্রতিবন্ধীত্ব বা কানে শোনার সমস্যা থাকায়, তার প্রভাব যদি আমাদের সার্ভিস আপনি কি ভাবে ব্যবহার করেন তার ওপর পড়ে, তাহলে আপনাকে সাহায্য করার সবচেয়ে ভাল উপায় কি তা আমরা আলোচনা করব।

আরও তথ্য চান ?

www.nextstep.org.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইট দেখুন

অথবা আমাদের সাথে যোগাযোগ করুন:

IAG contact details

Funded by:

>lsc
Leading learning and skills

FOI_[Insert local reference number]
Bengali